গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.acl.nageshwari.kurigram.gov.bd

প্রকাশ্য নিলামের মাধ্যমে গাছ বিক্রয়ের বিজ্ঞপ্তী

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলাধীন ৭ নং নেওয়াশী ইউনিয়ন পরিষদ এর আওতায় গোপিনাথ ঘাট সংলগ্ন ঝুঁকিপূর্ণ ০৬ (ছয়) টি গাছ, মেরুয়ারপাড় সংলগ্ন ০৭(সাত) টি ইউক্যালিপ্টাস ও হাজীপাড়া হতে উদ্ধারকৃত ঝড়ে পড়া ০১(এক) টি শিশু গাছসহ মোট ১৪(চৌদ্দ) টি গাছ এবং নেওয়াশী ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের রাস্তারপাশে ঝুঁকিপূর্ণ ০২(দুই) টি ইউক্যালিপ্টাস গাছ সহ সর্বমোট ১৬ টি গাছ (যে অবস্থায় আছে) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায় আগামী ১৩/১০/২০২৬ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৩:০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার নাগেশ্বরী, কুড়িগ্রাম এর কার্যালয়ে প্রকাশ্যে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। গাছ ক্রয়ে ইচ্ছুক, আগ্রহী প্রকৃত কাঠ ব্যবসায়ী/প্রতিষ্ঠান/আগ্রহী ব্যক্তিবর্গকে প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী

১। প্রকাশ্য নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্দিষ্ট তারিখ ও সময়ে নিলাম কমিটির নগদ ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জমা দিয়ে নিলামে ডাককারী হিসাবে তালিকাভুক্ত হতে হবে।

২। সর্বোচ্চ নিলাম ডাককারীর জমাকৃত ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জামানত হিসেবে জমা থাকবে এবং অকৃতকার্য নিলাম ডাককারীর জমাকৃত টাকা তাৎক্ষণিক ফেরত দেওয়া হবে।

৩। কৃতকার্য নিলাম ডাককারীকে ডাককৃত টাকা সঙ্গে সঙ্গে পরিশোধ করতে হবে। সমুদয় টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে এবং নিলাম ডাককারীর জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।

৪। নিলামে অংশগ্রহণের পূর্বে বিভিন্ন প্রজাতির মোট ১৬ টি গাছ সরেজমিনে দেখে নিতে হবে।

৫। সর্বোচ্চ ডাককারীকে প্রচলিত সরকারী নিয়ম মোতাবেক উদ্বৃত্ত ডাকের ১৫% হারে আয়কর ও ১০% হারে ভ্যাট ডাকমূল্যের অতিরিক্ত হিসাবে পরিশোধ করতে হবে।

৬। গাছ কর্তণকালে কোন অবকাঠামোর ক্ষতি করা যাবে না।

৭। সর্বোচ্চ ডাককারী ডাকগ্রহণের দিন থেকে গাছের রক্ষণাবেক্ষণ ও গাছের হেফাজতের পূর্ণ দায়িত্ব গ্রহণ করবেন। ডাক গ্রহণের পর থেকে গাছ নষ্ট বা চুরি হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৮। সূর্যাস্ত হতে সূর্যোদয় অর্থ্যাৎ রাত্রিকালীন কোন গাছ কর্তণ করা যাবে না।

৯। সর্বোচ্চ নিলাম ডাককারী ডাক গ্রহণের ০৫(পাঁচ) দিনের মধ্যে গাছসমূহ কর্তণ বা অপসারণ করবেন।

১০। প্রকাশ্য নিলাম চলাকালে কোন নিলামকারী কোন প্রকার বিশৃঙ্খলা বা বিঘ্ন সৃষ্টি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যক্তি/প্রতিষ্ঠানের জামানত বাজেয়াপ্ত করা হবে।

১১। সর্বোচ্চ বা যেকোন ডাক গ্রহণ করা বা না করা কমিটির এখতিয়ার ভূক্ত। এ জন্য নিলাম কমিটি কাউকে কোন প্রকার ব্যাখ্যা বা কৈফিয়ত দিতে বাধ্য নহে এবং এ ব্যাপারে কোন প্রকার আপত্তি আমলে আসবে না।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই উক্ত নিলাম কার্যক্রম স্থগিত বা বাতিল বা পরিবর্তন/পরিবর্ধনের অধিকার সংরক্ষণ করে।

০৬/১০/২০২৬

শ্রীজীব কুন্ডু
পরিচিতি নং ৪১০০০৩৩
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা নিলাম কমিটি
নাগেশ্বরী, কুড়িগ্রাম
ফোন: ০১৭৭৪৪৩৪২৫৬

স্মারক নং-৩১.০২.৪৯৬১.০০০.০২.০.২০২৬- ৯৯২৭

তারিখ ২২ আশ্বিন ১৪৩৩ বাং / ০৬ অক্টোবর ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য
১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা নিলাম কমিটি, কুড়িগ্রাম।
২। প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৩। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা নিলাম কমিটি, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৪। মেয়র/প্রশাসক, নাগেশ্বরী পৌরসভা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৫। অফিসার ইনচার্জ, নাগেশ্বরী থানা।
৬। উপজেলা.....অফিসার ও সদস্য উপজেলা নিলাম কমিটি, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৭। চেয়ারম্যান, নেওয়াশি ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৮। সহকারী প্রোগ্রামার, নাগেশ্বরী, কুড়িগ্রাম। বহুল প্রচারের জন্য উপজেলা নির্বাহী অফিসারের ওয়েব পোর্টালে আপলোড করা জন্য অনুরোধসহ
১০। নোটিশ বোর্ড (উপজেলা ভূমি অফিস, উপজেলা পরিষদ, নাগেশ্বরী পৌরসভা, নেওয়াশি ইউনিয়ন পরিষদ এবং ইউনিয়ন ভূমি অফিস)
১১। অফিস কপি।

০৬/১০/২০২৬

শ্রীজীব কুন্ডু
পরিচিতি নং ৪১০০০৩৩
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা নিলাম কমিটি
নাগেশ্বরী, কুড়িগ্রাম

CamScanner